সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা - ২০২১
বিষয়: উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬)

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান-৭০

[যে কোন ০৭ টি প্রশ্নের উত্তর দাওঃ]

১। ক্ষুদ্র ব্যবসায়ী জনাব আলম শেরপুর থেকে আলু, পেঁয়াজ, আদা, রসুন, হলুদ। মরিচ ইত্যাদি কিনে নিয়ে ঢাকার নারায়নগঞ্জে বিক্রি করেন। মাঝে মাঝে তার ছেলে সামিমও তাকে সহযোগিতা করে। সামিম তার বাবাকে বোলে, "ক্রেতারাই আমাদের প্রকৃত সম্পদ।'' এজন্য ক্রেতার সন্তুষ্টি অর্জনে সচেষ্ট থেকে জনাব আলম ব্যবসায়ে সাফল্য লাভ করতে পারেন।

(ক) উৎপাদন কী?

(খ) শিল্প বলতে কী বুঝায়?

(গ) জনাব আলম নারায়নগঞ্জে পণ্য বিক্রি করে কোন ধরণের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর।

(ঘ) দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব আলম ব্যবসায়ের ভুমিকা আছে কি? মূল্যায়ন কর।

২। রশিদপুর গ্রামের তামীম ডিগ্রি পাশ করে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নেয়। এরপর নিজস্ব দুই বিঘা জমির উপর ৫০,০০০ টাকা ঋণ একটি নার্সারি গড়ে তুলে এবং উন্নতমানের উচ্চফলনশীল ফলজ ও বনজ চারাগাছ উৎপাদন করে। বিভিন্ন এলাকার লোকজন এসে নার্সারি থেকে চারা কিনে নিয়ে যায়। এতে তার প্রচুর মুনাফা হয়। নার্সারিতে বর্তমানে দশ জন শ্রমিক কাজ করে।

(ক) উৎপাদন কী?

(খ) উৎপাদন সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত করে - ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে তামীম উৎপাদনের কোন হিসেবে কাজ করছে? ব্যাখ্যা কর।

(ঘ) তামীম যে ধরণের উপযোগ সৃষ্টি করেছে তার গুরুত বিশ্লেষণ কর।

৩। "আমিন ফুড প্রোডাক্ট" মধুপুর থেকে আনারস এনে জুস, জ্যাম, জেলি তৈরি করে মার্কেটিং এর মাধ্যেম অনেক সুনাম অর্জন করে। সম্প্রতি "মডার্ন ফুড প্রোডাক্ট" আধুনিক মেশিনে উন্নতমানেরজুস, জ্যাম, জেলি তৈরি করে বাজারে ছেড়েছে। ফলে "আমিন ফুড প্রোডাক্ট" চিন্তায় পড়েছে।

(ক) উৎপাদনশীলতা কী?

(খ) "উৎপাদনশীলতার উপর মুনাফা নির্ভর করে"- ব্যাখ্য কর।

(গ) উদ্দীপকের প্রতিষ্ঠান দু'টি কোন ধরণের উপযোগ সৃষ্টি করছে? ব্যাখ্যা কর।

(ঘ)"আমিন ফুড প্রোডাক্ট" এর তুলনায় "মডার্ন ফুড প্রোডাক্ট" গৃহীত কৌশল কতটুকু যৌক্তিক তা মূল্যায়ন কর।

৪। ইকবাল সাহেব নোয়াখালি, চাঁদপুর ও আরিচা থেকে নিজস্ব পরিবহনে ইলিশ মাছ ঢাকায় এনে সংরক্ষণ করেন। এর মাছের স্থান ও আকার অনুযাযী ভাগ করে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রি করেন। ফলে ক্রেতারা তাদের পছন্দসই মাছ কিনতে পারে।

(ক) গুদামজাতকরণ কী?

(খ) "পরিবহন স্থানগত উপযোগ সৃষ্টি করে"- ব্যাখ্যা কর।

(গ) ইকবাল সাহেব কী ধরণের উপযোগ সৃষ্টি করেন? ব্যাখ্যা কর।

(ঘ) ইকবাল সাহেবের কার্যক্রম উৎপাদনশীলতার কোন খাতের আওতাভুক্ত? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৫। মিঃ আলম বি এ পাশ যখন চাকুরি পাচ্ছিলো না,তখন সে তার বাড়ির পাশে অবস্থিত হাজামজা পুকুরটি পরিস্কার করে তাতে মাছের চাষ করা সিদ্ধান্ত নেয়। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে এর উপর প্রশিক্ষণ নিয়ে এবং কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ নিয়ে কার্যক্রম শুরু করে। প্রথম দিকে কিছু সমস্যা দেখা দিলেও পরবর্তীতে তা কাটিয়ে উঠে। মাছ চাষ করে বর্তমানের সে বেশ স্বচ্ছল জীবন যাপন করছে।

ক) উৎপাদনের আদি ও অক্ষয় উপাদান কী?

খ) "ভূমি প্রকৃতির দান"- ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে মিঃ আলম মাছ চাষে উৎপাদনের কোন কোন উপাদান ব্যবহার করেছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে মাছ চাষে উৎপাদনের যে উপাদান বেশি ভূমিকা পালন করে তার গুরুত্ব বিশ্লেষণ কর।

৬। মিঃ রাজু ও তার ৫ বন্ধু মিলে ২০ কোটি টাকা অনুমোধিত মূলধন নিয়ে "পেট্রিয়ট গামেন্টস" নামে কটি সূতার তৈরির কারখানা স্থাপন করে। রাজু ও তার এক বন্ধুর দক্ষ পরিচালনায় কারখানাটি বেশ সুনাম অর্জন করে। অপরদিকে মিঃ দবির তার এলাকার সমশ্রেণির ৩০ জন লোক নিয়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন,যার মূল উদ্দেশ্য হলো ন্যায্যমূল্যে পণ ক্রয়-বিক্রয়ের মাধ্যমে আর্থিককল্যাণ সাধন করা।

(ক) সংগঠন কাকে বলে?

(খ) অংশীদারী ব্যবসায় বলতে কী বুঝায় ?

(গ) মিঃ রাজু ও বন্ধুরা মিলে কোন ধরণের ব্যবসায় সংঠন গড়ে তুলেছে?

(ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে উদ্দীপকে উল্লেখিত দুটি ব্যবসায়ের মধ্যে কোনটির অবদান বেশি বলে তুমি মনে কর ? যুক্তির সপক্ষে মতামত পেশ কর।

৭। আশরাফ অনার্স পরীক্ষা পাশ করে চাকুরির চেষ্টা না করে নিজ গ্রামে একটি মৎস্য খামার গড়ে তোলেন। কঠোর পরিশ্রম ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে তিনি অল্প দিনেই সাফল্য অর্জন করেন। এ সাফল্যে উৎসাহিত হয়ে তিনি মাছের পোনা তৈরির ব্যবসায়ও শুরু করেন এবং দেশের বিভিনড়ব জেলায় শাখা খুলে ব্যবসায়টি সম্প্রসারণ করেন।

(ক) উৎপাদন মাত্রা কী?

(খ) ক্ষুদ্র এন্টারপ্রাইজ বলতে কী বুঝায়?

(গ) আশরাফ প্রাথমিক পর্যায়ের ব্যবসায়েল প্রকৃতি কেমন ছিল? ব্যাখ্যা কর।

(ঘ) আশরাফ কিভাবে ব্যবসায়ের সম্প্রসারণ করতে সক্ষম হলেন- তা মূল্যায়ন কর।

৮। একটি দেশের মোট জনসংখ্যা ১০ কোটি। দেশটির অভ্যন্তরে পণ্য ও সেবা মিলে যা উৎপাদিত হয়েছে তার আর্থিক মূল্য ১০০০ কোটি টাকা। তাছাড়া বিদেশে অবস্থানরত ব্যক্তিবর্গ বছরে ১০০ কোটি টাকা দেশে পাঠিয়েছে। পক্ষান্তরে দেশটিতে অবস্থানরত বিদেশিরা উৎপাদন করেছে ৮০ কোটি টাকা সমপরিমাণ পণ্য বা সেবা।

(ক) জাতীয় আয় কি?

(খ) নিট জাতীয় আয় বলতে কী বুঝায়?

(গ) উদ্দীপকের আলোকে দেশটির মোট জাতীয় উৎপাদন হবে কত টাকা?

৯। একটি দেশের মোট জনসংখ্যা ১০ কোটি। দেশটির অভ্যন্তরে পণ্য ও সেবা মিলে যা উৎপাদিত হয়েছে তার আর্থিক মূল্য ১০০০ কোটি টাকা। তাছাড়া বিদেশে অবস্থানরত ব্যক্তিবর্গ বছরে ১০০ কোটি টাকা দেশে পাঠিয়েছে। পক্ষান্তরে দেশটিতে অবস্থানরত বিদেশিরা উৎপাদন করেছে ৮০ কোটি টাকা সমপরিমাণ পণ্য বা সেবা।

(ক) জাতীয় আয় কি?

(খ) নিট জাতীয় আয় বলতে কী বুঝায়?

(গ) উদ্দীপকের আলোকে দেশটির মোট জাতীয় উৎপাদন হবে কত টাকা?

(ঘ) দেশটির স্থায়ী সম্পদের অবচয় ২০ কোটি টাকা হলে, নীট জাতীয় উৎপাদন ও মাথাপিছু আয় কত টাকা হবে?

১০। মিসেস আশা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় থেকে পাশ করার পর কপোতাক্ষ টেক্সটাইলে উৎপাদন ব্যবস্থাপক হিসেবে যোগদান করেন। তিনি ক্রেতাদের চাহিদা পর্যালোচনা করে নতুন নতুন ডিজাইনের কাপড় উৎপাদনের পরামর্শ দেন। এজন্য উৎপাদন পদ্ধতিতে পরিবর্তন আনা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

(ক) মূলধন কী?

(খ) শ্রমের দক্ষতা বলতে কী বুঝায়?

(গ) কাপড় উৎপাদনের জন্য মিসেস আশা কোন বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন তা ব্যাখ্যা কর।

(ঘ) উদ্দীকের ভিত্তিতে ক্রেতাকেন্দ্রিকতা কিভাবে ব্যবহার করা যেতে পারে? মতামত দাও।

১১। "প্যাসিনো" একটি নাম করা বিউটি পার্লার। বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের জন্য অনেকেই এখানে সাজতে আসে। কেননা এখানে আছে সুন্দর স্বাস্থ্যকর পরিবেশ ও দক্ষ বিউটিশিয়ান।

ক) পণ্য কী?

খ) সেবা বলতে কী বুঝায়?

গ) উদ্দীপকের ব্যবসায়টি কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।

ঘ) "প্যাসিনো"র ক্রেতাসন্তুষ্টির উল্লেখযোগ্য কারণ বিশ্লেষণ কর।